উপজেলা পরিষদ

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

বিষয় ঃ অক্টোবর/২০২০ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার (জুম কনফারেন্স) কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

তারিখ ঃ ০৮-১০- ২০২০

সময় ঃ সকাল ১১:০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

রূপগঞ্জ উপজেলার বীর মুক্তিযোদ্ধা আল আমিন ভূঞা, সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড এর মৃত্যুতে সভায় গভীর শোক প্রকাশ করা হয় এবং মরহুমের আত্মার মাগফিরাত কামনা করা হয়। অতঃপর উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। বিগত সভার কার্যবিবরনী পাঠক্রমে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ-

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা বিশ্বব্যাপী করোনা ভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়ায় দুঃখ প্রকাশ করেন। আমাদের দেশে এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বেড়েই চলছে । এ ভাইরাস নিয়ন্ত্রণে সকলকে শতভাগ স্বাস্থ্যবিধি গাইড লাইন অনুসরণ করতে হবে। অদ্যাবধি রূপগঞ্জ উপজেলায় করোনায় আক্রান্ত মোট ১৩৭০ জন, এর মধ্যে সুস্থ্য হয়েছে ১৩২১ জন, মোট মৃত্যু ১২ জন। এ ভাইরাস হাঁচি, কাশির মাধ্যমে এক জন হতে অন্য জনের কাছে ছড়ায়। প্রথমত নিজেকে নিরাপদ রাখতে হবে। সবাইকে মাস্ক, হাত গ্লাভস ব্যবহার করতে হবে। কোন ব্যক্তি আক্রান্ত হলে সে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে। কিছুক্ষণ পর পর সাবান দিয়ে ২০/৩০ সেকেন্ড ধরে হাত ধৌত করতে হবে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের হাত ধোয়ার বিষয়ে সচেতন করে গড়ে তুলতে হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সেবার মান সন্তোষজনক পর্যায়ে রেখে কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা |
| ২ | উপজেলা প্রকৌশল বিভাগ | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য | | |
| ৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, ২০২০-২০২১ অর্থ বছরে চলতি খরিফ-২ মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার(ডিএপি ও এমওপি) সরবরাহ করার নিমিত্তে ৫০ জন কৃষক ৫০ বিঘা জমি আবাদের জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে। বিভিন্ন ইউনিয়নে মাসকলাই আবাদি জমির উপর ভিত্তি করে ইউনিয়ন ওয়ারী ভিভাজন করা হয়েছে। এবং গত ০৯/০৯/২০২০খ্রিঃ তারিখ বীজ ও সার বিতরন করা হয়েছে।২০২০-২০২১ অর্থ বছরে চলতি খরিফ-২/২০২০-২১ মৌসুমে ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে বন্যা দূর্গত ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে শাক-সবজির বীজ বিতরনের জন্য ৩১০ জনের বরাদ্দ পাওয়া গিয়াছে। এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকা ভূক্ত একটি কৃষক পরিবার লালশাক ৫০ গ্রাম, ডাটা শাক ৫০ গ্রাম, কলমি শাক ৫০ গ্রাম, মূলা শাক১০০ গ্রাম,পুঁইশাক ৫০ গ্রাম,পালংশাক ১০০গ্রাম, শশা হাইব্রীড ৩ গ্রাম, লাউ হাইব্রীড ৫ গ্রাম, মিষ্টিকুমড়া হাইব্রীড ৫ গ্রাম, করলা হাইব্রীড ১০ গ্রাম, মরিচ হাইব্রীড ২ গ্রাম, বরবটি হাইব্রীড ১০ গ্রাম এবং সীম ৫০গ্রাম করে বীজ পাবেন। শ্রীঘ্রই বীজ বিতরন করা হবে। পারিবারিক কৃষির আওতায় সবজি পুষ্টি বাগান স্থাপনের লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক | মনিটরিং অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

